

এসএসসি পরীক্ষা আধাঘণ্টা আগে খোলা যাবে প্রশ্নের প্যাকেট

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পরীক্ষা শুরু আধাঘণ্টা আগে প্রশ্নের প্যাকেট খোলার নিয়ম রয়েছে। তবে অনেকেই আগেভাগেই প্যাকেট খুলে প্রশ্ন বাইরে পাঠিয়ে দেন। এবার নিয়মের ব্যত্যয় হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় কোনো শিক্ষক যদি অনিয়মের সঙ্গে জড়িত হন বা আধাঘণ্টার আগে প্রশ্নের প্যাকেট খোলেন তাহলে শুধু তিনি নিজে নয়, ওই কেন্দ্র এবং তাঁর প্রতিষ্ঠানকেও শাস্তি পেতে হবে। এমনকি এ অপরাধে শিক্ষাপ্রতিষ্ঠানের অনুমোদনও বাতিল হয়ে যেতে পারে। গতকাল বৃহবার বিকেলে রাজধানীর তেজগাঁওয়ে বিজি প্রেস সম্মেলন করে ২০১৬ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা পরিচালনাসংক্রান্ত জাতীয় মনিটরিং কমিটির সভায় তিনি এসব কথা বলেন। এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় প্রায় ১৭ লাখ শিক্ষার্থী অংশগ্রহণ করবে, বলে সভায় জানানো হয়।

শিক্ষামন্ত্রী বলেন, প্রশ্নপত্র ফাঁসের চেষ্টা চালাতে পারে—এমন সব ব্যক্তি ও কোচিং সেন্টারকে কঠোর নজরদারিতে রাখা হবে। সভায় শিক্ষামন্ত্রী বিটিআরসির কর্মকর্তা তৌনিক শাহরিয়ারকে ফেনবুকসহ অন্যান্য মাধ্যমে জালিয়াতরা ভূয়া প্রশ্নপত্র দিয়ে যাতে বিক্রয় করতে না পারে, সে ব্যাপারে ব্যবস্থা নিতে নির্দেশ দেন। মন্ত্রী বিজি প্রেসের সিনিয়র ক্যামেরার পর্যবেক্ষণ জোরদার, পরীক্ষাকেন্দ্রের ৫০০ গজের মাথা ফটোকপি দোকান না রাখা, কোচিং সেন্টারে নজরদারি, প্রশ্নপত্র পাঠানোর ক্ষেত্রে নজরদারি বাড়ানোর ব্যাপারেও সংশ্লিষ্টদের নির্দেশনা দেন।

সভায় গোয়েন্দা পুলিশের উপকমিশনার নাজনুল আলম বলেন, কিছু লোক সরকারকে বিভ্রত করতে এবং আর্থিকভাবে লাভবান হতে প্রশ্ন ফাঁসের উদ্ভব ছড়ায়। ফেনবুকসহ অন্যান্য মাধ্যমে এই সাজেশন আকারের প্রশ্ন ছড়ানো হয়।